

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
চিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

পত্র সংখ্যা : বিইআরসি/জনসংযোগ/প্রশা: ১১২/৩০৫৫


তারিখ : ২৭ আগস্ট ২০১৫

প্রেস রিলিজ

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড সঞ্চালন ট্যারিফ বৃদ্ধির জন্য ১৩ নভেম্বর ২০১৪ তারিখে কমিশনে আবেদন করে। অন্যদিকে কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড ১৩ নভেম্বর ২০১৪ তারিখে; তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এবং বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড ১৬ নভেম্বর ২০১৪ তারিখে; পশ্চিমগ্ল গ্যাস কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড ১৭ নভেম্বর ২০১৪ তারিখে ভোক্তা পর্যায়ে সরবরাহকৃত গ্যাসের মূল্যহার ০১ জানুয়ারি ২০১৫ হতে গড়ে ৪০% বৃদ্ধির আবেদন করে।

কমিশন কোম্পানীসমূহের আবেদন পরীক্ষা নিরীক্ষাত্তে ২, ৩, ৪ ও ৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে গণশুনানি গ্রহণ করে। শুনানি পরবর্তী Stakeholder দের মতামত এবং গণশুনানিতে উঠে আসা প্রাসঙ্গিক বিষয়ে অতিরিক্ত তথ্য ও মতামত প্রাপ্তিতে এবং প্রাপ্ত মতামত ও তথ্য পর্যালোচনায় দীর্ঘ সময় প্রয়োজন হয়। দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড বিকাশে ত্রুট্যবর্ধমান জ্বালানি চাহিদা বৃদ্ধি, অন্যদিকে গ্যাসের বর্তমান মজুদ দ্রুত কমে যাওয়ায় ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণকালে সম্পদ হিসেবে গ্যাসের মূল্য এবং উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যয় নির্বাহের খরচ সমন্বয় করে এবং দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় এনে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন ভোক্তা পর্যায়ে শ্রেণিভিত্তিক অভিন্ন মূল্যহার পুনর্নির্ধারণ করেছে। এ মূল্যহার ভারিত গড়ে ২৬.২৯% বৃদ্ধি করা হয়েছে যা ০১ সেপ্টেম্বর ২০১৫ তারিখ হতে গ্যাস ব্যবহারের ক্ষেত্রে কার্যকর হবে। মূল্য সংক্রান্ত গণবিজ্ঞপ্তি সংযুক্ত করা হলো।

কমিশনের আদেশক্রমে,

  
২৭/৮/১৫

মোঃ হাবিবুর রহমান

সচিব